

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা


নং-১৭.০০.০০০০.০২৬.৪৯.০১৫.১৫-৩৭৭

তারিখ: ১৫ নভেম্বর, ২০১৫

বিষয়: খসড়া ভোটার তালিকা ২০১৫-২০১৬ স্থানীয়ভাবে মুদ্রণ ও মুদ্রণ কাজ তদারকি প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে, খসড়া ভোটার তালিকা ২০১৫-২০১৬ স্থানীয়ভাবে মুদ্রণ ও মুদ্রণ কাজ তদারকির বিষয়ে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে:

১. জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ হালনাগাদকৃত ভোটার তালিকার সিডি প্রস্তুত করে ৭ ডিসেম্বর ২০১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসারের নিকট বিতরণ করবে।
২. সিডি প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে সিডিতে তথ্য সঠিক আছে কিনা সে বিষয়ে উপজেলা/থানা নির্বাচন অফিসার যাচাই করবেন। ভুল থাকলে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের সাথে যোগাযোগ করে সংশোধনের ব্যবস্থা গ্রহণ করবেন এবং তিনি সিডি সঠিক আছে মর্মে প্রত্যয়ন দিবেন। এ সময় একই সাথে RFQ পদ্ধতিতে মুদ্রণের বিষয়ে প্রাথমিক কার্যক্রম সম্পন্ন করবেন।
৩. খসড়া ভোটার তালিকার সিডি প্রস্তুত ও যাচাই বাছাই কাজের জন্য ০৭-২০ ডিসেম্বর ২০১৫ তারিখ শুক্র ও শনিবারসহ জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ খোলা রাখা এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে উপস্থিত থাকার জন্য জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
৪. উপজেলা/থানা নির্বাচন অফিসার ১০-২০ ডিসেম্বর ২০১৫ তারিখের মধ্যে RFQ পদ্ধতিতে খসড়া ভোটার তালিকা মুদ্রণ করবেন। সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসার ও আঞ্চলিক নির্বাচন অফিসার তাঁর অধিক্ষেত্রাধীন উপজেলা/থানা নির্বাচন অফিসের মুদ্রণ কাজ তদারকির পাশাপাশি মুদ্রণ কাজে ব্যবহৃত কাগজের মান যথাযথ ও মুদ্রণ স্পষ্ট কিনা তা যাচাই করবেন।
৫. ০২ জানুয়ারী ২০১৬ তারিখে উপজেলা/থানা নির্বাচন অফিসার খসড়া ভোটার তালিকা প্রকাশ করবেন এবং তা বিধি মোতাবেক প্রকাশ করা হয়েছে মর্মে প্রত্যয়ন প্রদান করবেন।
৬. সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসার ও আঞ্চলিক নির্বাচন অফিসারকে তাঁর অধিক্ষেত্রাধীন উপজেলা/থানা নির্বাচন অফিসের খসড়া তালিকা বিধিগতভাবে প্রকাশ করা হয়েছে তা নিশ্চিত করতে হবে।


(শ্রী. আবদুল অদুদ)
উপ-সচিব (নিঃসংঃসংঃ)
ফোনঃ ৯১৮০৮৭৩

প্রাপকঃ


- ১। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ইসলামিক ফাউন্ডেশন ভবন (৭ম তলা), ঢাকা।
- ২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,..... (সকল)
- ৩। জেলা নির্বাচন অফিসার.....(সকল)
- ৪। উপজেলা/থানা নির্বাচন অফিসার.....(সকল)

নং-১৭.০০.০০০০.০২৬.৪৯.০১৫.১৫-৩৭৭

তারিখ: ১৫ নভেম্বর, ২০১৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- (১) সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশন সচিবালয়ের নিজস্ব ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- (২) জনসংযোগ কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- (৩) একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
- (৪) একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনারগণ (মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)
- (৫) একান্ত সচিব, সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)


(মাহফুজ আলম)
সিনিয়র সহকারী সচিব (নিঃসংঃ-২)